

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) : প্রাণিসম্পদ অংগ
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
www.natpdl.gov.bd
Email : directornatp2dls@yahoo.com

স্মারক নং- ৩৩.০১.০০০০.৭০৫.০৫.২৯.১৮-৯১১

তারিখ : ১৬/০৭/২০১৯খ্রী:

জরুরি বিজ্ঞপ্তি

বিষয় : পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-৩ (AIF-3) থেকে প্রাণিসম্পদ উদ্যোক্তাদের আর্থিক সহায়তা (ম্যাচিং গ্রান্ট) প্রদানের নিমিত্ত ৩য় বার এর জন্য AIF-3 উপ-প্রকল্প প্রস্তাবনা আহ্বান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রযুক্তি হস্তান্তর এবং বাজার প্রবেশাধিকার সুবিধার জন্য পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-৩ (AIF-3) থেকে CIG, PO এবং গ্রামীণ কৃষিজ (প্রাণিসম্পদ) ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের নিকট উপ-প্রকল্পের মাধ্যমে অফেরত যোগ্য “ম্যাচিং গ্রান্ট” হিসাবে আর্থিক সহায়তা প্রদান করা হবে। এ জন্য নিম্নে বর্ণিত যোগ্যতা সম্পন্ন উদ্যোক্তাকে নিজ নিজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার মাধ্যমে উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করার নিমিত্ত ৩য় বার এর জন্য AIF-3 উপ-প্রকল্প প্রস্তাবনা আহ্বান করা হলো।

AIF-3 আবেদনকারী উদ্যোক্তার ধরণ ও যোগ্যতা:

- আবেদনকারী CIG, PO অথবা বেসরকারী উদ্যোক্তা প্রতিষ্ঠানকে উত্তম মানসম্পন্ন, সরকারীভাবে নিবন্ধিত বা ট্রেড লাইসেন্সধারী এবং কোন বাণিজ্যিক ব্যাংকে উক্ত প্রতিষ্ঠানের নামে ব্যাংক একাউন্ট পরিচালিত হতে হবে।
- প্রস্তাবিত উপ-প্রকল্পগুলোতে প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে যোগ্যতার ভিত্তিতে AIF-3 এর অনুদান প্রদান করা হবে।
- প্রস্তাবিত উপ-প্রকল্পটি বাস্তবায়নে সময়ের সাথে পালাক্রমে উৎপাদন ও আয় বৃদ্ধিতে সহায়ক হবে এবং স্বয়ংক্রিয়ভাবে টেকসই উৎপাদন ও বাজার ব্যবস্থায় সক্ষম বলে বিবেচিত হলে AIF-3 “ম্যাচিং গ্রান্ট” এর জন্য যোগ্য হবে।
- এনএটিপি-২ প্রকল্প মেয়াদে কোন একজন উদ্যোক্তা AIF-3 এর “ম্যাচিং গ্রান্ট” একবারই প্রাপ্য হবেন।
- একটি উপ-প্রকল্পে AIF-3 থেকে সর্বোচ্চ প্রদেয় আর্থিক অনুদানের পরিমাণ হবে উক্ত উপ-প্রকল্পের প্রাক্কলিত মোট বাজেট বরাদ্দের সর্বোচ্চ ৫০%, অর্থাৎ অনধিক ৫.৮১ লক্ষ টাকা। অবশিষ্ট ৫০% অর্থাৎ ৫.৮১ লক্ষ টাকা উদ্যোক্তাকে নিজস্ব তহবিল থেকে প্রদান করতে হবে। এ জন্য উদ্যোক্তার ব্যাংক একাউন্টে উদ্যোক্তার অংশের সমপরিমাণ টাকা জমা থাকতে হবে। ফলে একটি উপ-প্রকল্পে AIF-3 অনুদান ও উদ্যোক্তা তহবিল মিলে সর্বোচ্চ বাজেট বরাদ্দের পরিমাণ হবে ১১.৬২ লক্ষ টাকা। যদি কোন কারণে উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বোচ্চ বাজেট বরাদ্দের চেয়ে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হয়, সে ক্ষেত্রে উদ্যোক্তার নিজস্ব তহবিল থেকে উক্ত অতিরিক্ত ব্যয় মিটাতে হবে। অন্যদিকে যদি প্রস্তাবিত উপ-প্রকল্পের জন্য সর্বোচ্চ বাজেট বরাদ্দ অর্থাৎ ১১.৬২

৪

লক্ষ টাকা থেকে কম বরাদ্দের প্রয়োজন হয়, সে ক্ষেত্রে AIF-3 ও উদ্যোক্তা কর্তৃক প্রদেয় টাকার পরিমাণ আনুপাতিক হারে কমে যাবে।

৬. উপ-প্রকল্প প্রস্তুত করার সময় প্রকল্প ছক যথাযথভাবে পূরণ করতে হবে। উপ-প্রকল্প ছক পূরণে বিভিন্ন খাতওয়ারী টাকার হিসাবে AIF-3 অনুদান ও উদ্যোক্তার অংশের টাকার পরিমাণ লিখতে ভুল করা যাবে না। উদ্যোক্তা প্রতিষ্ঠানের জন্য AIF-3 উপ-প্রকল্প প্রস্তুত করার ছক পূর্বের ন্যায় একই থাকবে।
৭. উপ-প্রকল্পের মূল কপি দাখিল করতে হবে, ফটো কপি/সফট কপি গ্রহণযোগ্য হবে না।
৮. অগ্রহী উদ্যোক্তাকে নির্ধারিত ছকে (ছক সংযুক্ত) উপ-প্রকল্প প্রস্তাব তৈরী করে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে দাখিল করতে হবে।
৯. ৩য় বার আহ্বানকৃত AIF-3 উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণের শেষ তারিখ আগামী ০১ সেপ্টেম্বর ২০১৯।
১০. অত্র দপ্তরের স্মারক নং- ৩৩.০১.০০০০.৭০৫.০৫.২৯.১৮-৮৬৫ তারিখঃ ২৮/০৬/২০১৮খ্রী: মোতাবেক NATP-2 ভুক্ত সকল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-কে নিজ নিজ উপজেলাস্থ সম্ভাব্য উদ্যোক্তা শনাক্তপূর্বক একটি তালিকা প্রস্তুত করার বিষয়টি জানানো হয়েছে। উক্ত তালিকাভুক্ত উদ্যোক্তাগণের (প্রাণিসম্পদ) নিকট অত্র বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।
১১. পিআইইউ ৪ প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর www.natpdl.gov.bd ওয়েব সাইটে AIF-3 ব্যবহার সম্পর্কিত নির্দেশিকা দেয়া আছে। উক্ত নির্দেশিকায় AIF-3 ব্যবস্থাপনা, বাস্তবায়ন পদ্ধতি, উপ-প্রকল্প প্রণয়ন ইত্যাদি বিষয়ে বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। উক্ত নির্দেশিকা মোতাবেক যোগ্য উদ্যোক্তাদের নিকট থেকে উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহণ ও পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য এনএটিপি-২ ভুক্ত সকল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

(ডা: মনজুর মোহাম্মদ শাহজাদা)
পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) : প্রাণিসম্পদ অংগ
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।

কার্যার্থে :

১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ২৭০টি উপজেলা।

সদয় জ্ঞাতার্থে :

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), ঢাকা।
- ৩। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
- ৪। পরিচালক (উৎপাদন), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ।
- ৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ৫৭টি জেলা।